This Booklet contains **36** printed pages.
এই প্রশ্নপত্রে **36** মুদ্রিত পৃষ্ঠা আছে।

# AP17—I

**Question Booklet No.**
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা

## PAPER—I
## পরীক্ষাপত্র—I

**Question Booklet Series-Code**
প্রশ্নপত্রের সিরিজ-কোড

**A**

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠা ও প্রথম পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

### *Instructions for Candidates*

1. Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet.
2. This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions.
3. There is no negative marking for any wrong answer.
4. This Question Booklet has **Five** Parts—I, II, III, IV and V consisting of **150** MCQ-type Questions and each question carries 1 mark :

| | | |
|---|---|---|
| Part–I | : Child Development and Pedagogy | (Q. Nos. 1–30) |
| Part–II | : Language–I (English) | (Q. Nos. 31–60) |
| Part–III | : Language–II (Bengali) | (Q. Nos. 61–90) |
| Part–IV | : Mathematics | (Q. Nos. 91–120) |
| Part–V | : Environmental Studies | (Q. Nos. 121–150) |

5. Please ensure that Question Booklet Series-Code is correctly written and shaded on the OMR Answer Sheet.
6. Rough work should be done only in the space provided in the Question Booklet.
7. The answers are to be marked on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction.
8. Use of eraser or whitener is strictly prohibited.
9. Candidates should note that each question in Parts—I, IV and V is given in bilingual form (English and Bengali). In case of any discrepancy or confusion in the medium/version, the English Version will be treated as the authentic version.

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

1. এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে **শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম** ব্যবহার করুন।
2. এই পরীক্ষার সময় **2 ঘণ্টা 30 মিনিট**। পরীক্ষায় মোট **150** টি MCQ ধরনের প্রশ্ন থাকবে।
3. ভুল উত্তরের জন্য কোনো ঋণাত্মক নম্বর থাকবে না।
4. এই প্রশ্নপত্রের **পাঁচটি** ভাগ যথাক্রমে Parts—I, II, III, IV এবং V যেখানে 1 মূল্যাঙ্কের **150**টি MCQ ধরনের প্রশ্ন থাকবে :

| | | |
|---|---|---|
| ভাগ–I | : শিশু বিকাশ ও শিক্ষণশৈলী | (প্রশ্ন সংখ্যা 1–30) |
| ভাগ–II | : ভাষা—I (ইংরাজী) | (প্রশ্ন সংখ্যা 31–60) |
| ভাগ–III | : ভাষা—II (বাংলা) | (প্রশ্ন সংখ্যা 61–90) |
| ভাগ–IV | : গণিত | (প্রশ্ন সংখ্যা 91–120) |
| ভাগ–V | : পরিবেশবিদ্যা | (প্রশ্ন সংখ্যা 121–150) |

5. OMR উত্তরপত্রে সঠিকভাবে প্রশ্নপত্রের সিরিজ-কোড লিখতে হবে।
6. পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র কোশ্চেন বুকলেটে (প্রশ্নপত্রে) নির্দিষ্ট করা স্থানে।
7. প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনো অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।
8. কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
9. পরীক্ষার্থীদের মনে রাখতে হবে যে প্রশ্নপত্রের Parts—I, IV এবং V-এর প্রশ্নগুলি দ্বি-ভাষিক (ইংরাজী ও বাংলা) হবে। এই ক্ষেত্রে ভাষা-মাধ্যম বা ভাষা-সংস্করণে কোনো ধরনের অসঙ্গতি অথবা বোঝার অসুবিধা উপলব্ধ হলে ইংরাজী সংস্করণকেই প্রকৃত শুদ্ধ বলে গণ্য করবেন।

Name of the Candidate (in Capitals) : _____
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : _____
রোল নং

OMR Answer Sheet No. _____
OMR উত্তরপত্রের নম্বর

*Full Signature of the Candidate with date*
*পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ*

*Signature of the Invigilator with date*
*নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ*

# PART—I / ভাগ—I

## CHILD DEVELOPMENT AND PEDAGOGY / শিশু বিকাশ ও শিক্ষণশৈলী

***Directions*** : Answer the following questions by selecting the *correct option* :

**1.** Development of a child is concerned with

(A) only quantitative development

(B) only qualitative development

(C) both quantitative and qualitative development

(D) None of the above

**2.** Carl Rogers is a

(A) humanistic psychologist

(B) behaviouristic psychologist

(C) gestalt psychologist

(D) None of the above

**3.** The late childhood comes

(A) after adolescence

(B) before puberty

(C) before early childhood

(D) None of the above

***নির্দেশিকা :*** *সঠিক উত্তর* নির্বাচন করে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

**1.** শিশু বিকাশ বলতে বোঝায়

(A) শুধুমাত্র পরিমাণগত বিকাশ

(B) শুধুমাত্র গুণগত বিকাশ

(C) পরিমাণগত ও গুণগত বিকাশ উভয়ই

(D) উপরের কোনোটিই নয়

**2.** কার্ল রজার্স একজন

(A) মানবতাবাদী মনোবিদ

(B) আচরণবাদী মনোবিদ

(C) সমগ্রতাবাদী মনোবিদ

(D) উপরের কোনোটিই নয়

**3.** প্রান্তীয় বাল্যকালটি আসে

(A) কৈশোরের পরে

(B) বয়ঃসন্ধির পূর্বে

(C) প্রাথমিক বাল্যকালের পূর্বে

(D) উপরের কোনোটিই নয়

**4.** According to Kohlberg, the second level of moral development is

(A) conventional morality

(B) transitional morality

(C) autonomous morality

(D) None of the above

**5.** "The personality of an adopted child is influenced by his/her biological parents." This statement is

(A) true

(B) false

(C) not indentified

(D) None of the above

**6.** Thurstone's theory of intelligence is a

(A) single-factor theory

(B) two-factor theory

(C) group factor theory

(D) None of the above

**7.** 'Enuresis' in a child of above 5 years is a

(A) cognitive disorder

(B) behavioural problem

(C) normal behaviour

(D) None of the above

**4.** কোহ্লবার্গ-এর মতানুসারে নৈতিক বিকাশের দ্বিতীয় ধাপটি হল

(A) প্রচলিত নৈতিকতা (conventional morality)

(B) সংক্রমণগত নৈতিকতা (transitional morality)

(C) স্বশাসিত নৈতিকতা (autonomous morality)

(D) উপরের কোনোটিই নয়

**5.** ''পালিত শিশুর ব্যক্তিত্বের ওপর তার জন্মদাতা পিতামাতার প্রভাব রয়েছে।'' বিবৃতিটি

(A) সত্য

(B) মিথ্যা

(C) চিহ্নিত করা যায়নি

(D) উপরের কোনোটিই নয়

**6.** থার্স্টোন-এর বুদ্ধিসংক্রান্ত তত্ত্বটি

(A) একক-উপাদান তত্ত্ব

(B) দ্বি-উপাদান তত্ত্ব

(C) দলগত উপাদান তত্ত্ব

(D) উপরের কোনোটিই নয়

**7.** পাঁচ বছরের ওপরের শিশুদের 'মূত্রবেগ ধারণে অক্ষমতা (enuresis)' একটি

(A) জ্ঞানমূলক অসংগতি

(B) সমস্যামূলক আচরণ

(C) স্বাভাবিক আচরণ

(D) উপরের কোনোটিই নয়

**8.** Noam Chomsky's theory is primarily related with

(A) language development

(B) social development

(C) emotional development

(D) None of the above

**9.** The concept of 'object performance' is an important discovery of

(A) pre-operational stage

(B) formal operation stage

(C) sensory motor stage

(D) None of the above

**10.** Likert's scale is an

(A) attitude scale

(B) intelligence scale

(C) ability scale

(D) None of the above

**8.** নোয়াম চম্স্কির তত্ত্বটি মূলত সম্পর্কিত

(A) ভাষার বিকাশের সঙ্গে

(B) সামাজিক বিকাশের সঙ্গে

(C) প্রাক্ষোভিক বিকাশের সঙ্গে

(D) উপরের কোনোটিই নয়

**9.** 'বস্তুর স্থায়িত্ব' সম্পর্কিত ধারণা তৈরি হয়

(A) প্রাক্-ধারণামূলক স্তরে

(B) নিয়মতান্ত্রিক সক্রিয়তার স্তরে

(C) সংবেদন ও সঞ্চালনমূলক চিন্তনের স্তরে

(D) উপরের কোনোটিই নয়

**10.** লিকার্ট-এর স্কেলটি একটি

(A) মনোভাব পরিমাপক স্কেল

(B) বুদ্ধি পরিমাপক স্কেল

(C) ক্ষমতা নির্ণায়ক স্কেল

(D) উপরের কোনোটিই নয়

**11.** Learning disability, which is related to reading and language comprehension is called

(A) autism

(B) dyscalculia

(C) dyslexia

(D) None of the above

**12.** Inclusion in schools primarily aims to

(A) fulfill the educational needs of the illiterate parents

(B) meet the need of the disabled child at the expense of entire class

(C) make provisions for special category children

(D) None of the above

**13.** A child with hearing impairment is an example of a child with which of the following disabilities?

(A) Intellectual

(B) Sensory

(C) Emotional

(D) None of the above

**11.** 'শিখন অক্ষমতা', যা পঠন ও ভাষা উপলব্ধির সঙ্গে জড়িত, তাকে বলে

(A) অটিজম

(B) ডিসক্যালকুলিয়া

(C) ডিসলেক্সিয়া

(D) উপরের কোনোটিই নয়

**12.** বিদ্যালয়ে অন্তর্ভুক্তির (inclusion) মুখ্য উদ্দেশ্য হল

(A) নিরক্ষর পিতামাতাদের শিক্ষাগত চাহিদাগুলি পরিপূরণ করা

(B) সমস্ত ক্লাসকে উপেক্ষা করে শুধুমাত্র অক্ষম শিশুদের চাহিদার পরিপূরণ করা

(C) বিশেষ শ্রেণীভুক্ত শিশুদের জন্য বন্দোবস্ত করা

(D) উপরের কোনোটিই নয়

**13.** শ্রবণ সম্পর্কিত বিকলনসম্পন্ন শিশুরা নিম্নোক্ত কোন্ প্রতিবন্ধকতার শিকার ?

(A) বৌদ্ধিক

(B) সংবেদীয়

(C) প্রাক্ষোভিক

(D) উপরের কোনোটিই নয়

**14.** Creativity increases with

(A) age

(B) education

(C) experience

(D) None of the above

**15.** Giftedness is due to

(A) psychosocial factor

(B) genetic factor

(C) Both (A) and (B)

(D) None of the above

**16.** Gifted children are

(A) non-assertive of their needs

(B) independent in their judgements

(C) independent of teachers

(D) None of the above

**14.** সৃজনশীলতা বাড়ে

(A) বয়সের সঙ্গে

(B) শিক্ষার সঙ্গে

(C) অভিজ্ঞতার সঙ্গে

(D) উপরের কোনোটিই নয়

**15.** উন্নতবুদ্ধি হওয়ার কারণ হল

(A) মনোসামাজিক উপাদান

(B) বংশগত গঠন

(C) (A) এবং (B) দুটোই

(D) উপরের কোনোটিই নয়

**16.** উন্নতবুদ্ধিসম্পন্ন শিশুরা

(A) তাদের চাহিদা সম্পর্কে দৃঢ় প্রত্যয়ী নয়

(B) তাদের বিচার-বুদ্ধিতে স্বাধীন

(C) শিক্ষকের অধীন নয়

(D) উপরের কোনোটিই নয়

**17.** Persons having below 70 IQ are called

(A) intellectually superior

(B) intellectually average

(C) mentally retarded

(D) None of the above

**18.** Education of socially and economically disadvantaged children deserves

(A) special syllabus

(B) supportive governmental policy

(C) to be pitied by the teachers

(D) None of the above

**19.** Which of the following is an example of intellectual disability?

(A) Mental retardation

(B) Dyslexia

(C) Attention deficit hyperactive syndrome

(D) None of the above

**17.** 70-এর নিচে বুদ্ধ্যঙ্কসম্পন্ন ব্যক্তিদের বলা হয়

(A) উন্নত বুদ্ধিসম্পন্ন

(B) সাধারণ বুদ্ধিসম্পন্ন

(C) মানসিক প্রতিবন্ধী

(D) উপরের কোনোটিই নয়

**18.** সামাজিক ও আর্থিকভাবে পিছিয়ে পড়া শিশুদের প্রয়োজন

(A) বিশেষ পাঠ্যক্রম

(B) সহায়ক সরকারি নীতি

(C) শিক্ষকদের দয়া

(D) উপরের কোনোটিই নয়

**19.** নিচের কোনটি বুদ্ধিগত অক্ষমতার একটি উদাহরণ ?

(A) মানসিক প্রতিবন্ধকতা

(B) ডিসলেক্সিয়া

(C) অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাকটিভ সিনড্রোম

(D) উপরের কোনোটিই নয়

**20.** The creativity of the child should _____ by the teacher in school.

(A) not be encouraged

(B) be encouraged

(C) be dealt neutrally

(D) None of the above

**21.** Thinking is a/an

(A) cognitive process

(B) affective process

(C) conative process

(D) None of the above

**22.** A child writes with left hand and is comfortable to do so. He or she should be

(A) discouraged

(B) allowed his/her preference

(C) sent to seek medical help

(D) None of the above

**23.** If a child becomes severely afraid of school environment, he or she will be gradually

(A) regular

(B) punctual

(C) truant

(D) None of the above

**20.** বিদ্যালয়ে শিশুর সৃজনশীলতাকে শিক্ষকের।

(A) উৎসাহিত করা উচিত নয়

(B) উৎসাহিত করা উচিত

(C) নিরপেক্ষভাবে বিচার করা উচিত

(D) উপরের কোনোটিই নয়

**21.** চিন্তন হল একটি

(A) জ্ঞানমূলক প্রক্রিয়া

(B) প্রাক্ষোভিক প্রক্রিয়া

(C) কর্মমূলক প্রক্রিয়া

(D) উপরের কোনোটিই নয়

**22.** একটি শিশু বাঁ হাতে লেখে এবং এতেই সে সুবিধা বোধ করে এক্ষেত্রে

(A) তাকে বাঁ হাতে লিখতে নিরুৎসাহিত করা উচিত

(B) তার মনোনয়নকে অনুমোদন করা উচিত

(C) তাকে চিকিৎসার জন্য পাঠানো উচিত

(D) উপরের কোনোটিই নয়

**23.** একটি শিশু যদি বিদ্যালয় পরিবেশে প্রচণ্ড ভয় পায়, তবে সে ক্রমশ হয়ে উঠবে

(A) নিয়মানুবর্তী

(B) সময়ানুবর্তী

(C) বিদ্যালয় পলায়নপর

(D) উপরের কোনোটিই নয়

**24.** A pupil frequently shows severe emotional outburst in class. The teacher will

(A) try to understand the causes of this behaviour

(B) allow him to perform this behaviour again and again

(C) instruct him to go outside the class

(D) None of the above

**25.** Which of the following statements is not correct as a characteristic of motivation?

(A) Motivation satisfies the person's biological needs.

(B) It helps a person to achieve a goal.

(C) Motivation makes an individual inactive.

(D) None of the above

**26.** The habit of smoking in student can not be the result of

(A) modelling

(B) inoculation

(C) peer pressure

(D) None of the above

**24.** একটি ছাত্র প্রায়ই ক্লাসে তীব্র প্রক্ষোভ প্রকাশ করে থাকে। এক্ষেত্রে শিক্ষক

(A) তার এই আচরণের কারণ নির্ণয় করার চেষ্টা করবেন

(B) তাকে এভাবেই বারবার আচরণটি প্রকাশ করতে দেবেন

(C) তাকে ক্লাসের বাইরে চলে যেতে নির্দেশ দেবেন

(D) উপরের কোনোটিই নয়

**25.** প্রেষণার বৈশিষ্ট্য হিসাবে নিম্নোক্ত কোন্ বিবৃতিটি সঠিক নয়?

(A) প্রেষণা ব্যক্তির জৈবিক চাহিদা পূরণে সাহায্য করে।

(B) প্রেষণা ব্যক্তিকে লক্ষ্যের দিকে এগিয়ে যেতে সাহায্য করে।

(C) প্রেষণা ব্যক্তিকে কর্মোদ্যমহীন করে দেয়।

(D) উপরের কোনোটিই নয়

**26.** শিক্ষার্থীর ধূমপানের স্বভাব কখনোই এর ফল হতে পারে না

(A) নকল করা (modelling)

(B) টিকাকরণ (inoculation)

(C) বন্ধুদের চাপ

(D) উপরের কোনোটিই নয়

**27.** If a student frequently remains inattentive in class, he or she should be

(A) punished hard

(B) expelled from school

(C) advised to stop reading in school

(D) None of the above

**28.** Which of the following statements is incorrect?

(A) Children's emotions are prolonged.

(B) Children's emotions are intense.

(C) Children's emotions are transitory.

(D) Children's emotions are brief.

**29.** Punishment to the student is

(A) always essential for proper education

(B) occasionally necessary for proper education

(C) completely ineffective for proper education

(D) None of the above

**30.** The responsibility of a counsellor is to

(A) advise the counselee

(B) make decision for the counselee

(C) set up goals by the help of discussion with the counselee

(D) None of the above

**27.** ক্লাসে প্রায়ই অমনোযোগী থাকলে ছাত্র/ছাত্রীটিকে

(A) কঠোর শাস্তি দেওয়া উচিত

(B) বিদ্যালয় থেকে বহিষ্কার করা উচিত

(C) বিদ্যালয়ে পড়াশুনা করা বন্ধ করে দিতে উপদেশ দেওয়া উচিত

(D) উপরের কোনোটিই নয়

**28.** নিম্নোক্ত বিবৃতিগুলির মধ্যে কোনটি ভুল ?

(A) শিশুদের আবেগ দীর্ঘস্থায়ী।

(B) শিশুদের আবেগ তীব্র।

(C) শিশুদের আবেগ ক্ষণস্থায়ী।

(D) শিশুদের আবেগ সংক্ষিপ্ত।

**29.** শিক্ষার্থীকে শাস্তি দেওয়া

(A) সঠিক শিক্ষার জন্য সবসময়ই দরকার

(B) সঠিক শিক্ষার জন্য মাঝে মাঝে দরকার

(C) সঠিক শিক্ষার জন্য একেবারেই নিষ্ফল

(D) উপরের কোনোটিই নয়

**30.** পরামর্শদাতার দায়িত্ব হল

(A) পরামর্শগ্রহীতাকে উপদেশ দেওয়া

(B) পরামর্শগ্রহীতা কি সিদ্ধান্ত নেবে তা ঠিক করে দেওয়া

(C) পরামর্শগ্রহীতার সঙ্গে আলোচনাক্রমে লক্ষ্য নির্ধারণ করা

(D) উপরের কোনোটিই নয়

# PART—II : Language—I

## ENGLISH

***Directions*** **:** Read the passage given below and answer the questions (Q. Nos. **31** to **35**) that follow by selecting the *correct option*.

Glands manufacture and secrete necessary substances. Exocrine glands secrete their products through ducts, but endocrine glands, or ductless glands, release their products directly into the bloodstream.

One important endocrine gland is the thyroid gland. It is in the neck and has two lobes, one on each side of the windpipe. The thyroid gland collects iodine from the blood and produces thyroxine, an important hormone, which it stores in an inactive form.When thyroxine is needed by the body, the thyroid gland secretes it directly from the bloodstream. Thyroxine is combined in the body cells with other chemicals and affects many functions of the body.

The thyroid gland may be underactive or overactive, resulting in problems. An underactive thyroid causes hypothyroidism, while an overactive one causes hyperthyroidism. The former problem, called myxedema in adults and cretinism in children, causes the growth process to slow down. A cretin's body and mind do not grow to their full potential. Hyperthyroidism, on the other hand, results in extreme nervousness, an increase in heart action, and other problems.

Either hypothyroidism or hyperthyroidism may result in goiter, or an enlarged thyroid gland. A goiter will appear when the body is not getting enough iodine. Goiter is less common today, since most people use iodized salt.

**31.** A cretin is

(A) a child with hyperthyroidism

(B) an adult with an underperforming thyroid gland

(C) a child with hypothyroidism

(D) an extremely irritable child

**32.** A goiter is

(A) a person with myxedema

(B) a swollen thyroid gland

(C) an underactive thyroid gland

(D) a chemical

**33.** The word 'secrete' is closest in meaning to

(A) indiscernible

(B) emit

(C) display

(D) absorb

**34.** Which of the following is a probable result of myxedema?

(A) Sluggishness

(B) Hyperactivity

(C) Overproduction of thyroxine

(D) Perspiration

**35.** The main idea of the passage is

(A) how glands work

(B) the function and illnesses of the thyroid gland

(C) secretion with and without glands

(D) the illnesses of an overactive thyroid gland

***Directions* :** Question Nos. **36** to **40** are incomplete sentences. Beneath each sentence, you will see four words or phrases, marked (A), (B), (C) and (D). Choose the one word or phrase that best completes the sentence.

**36.** Here _____ notebook and report that I promised you last week.

(A) is the

(B) are the

(C) was the

(D) has been a

**37.** Cuba is _____ sugar-growing areas in the world.

(A) one of the larger

(B) one of largest

(C) one of the largest

(D) largest

**38.** I wish you would tell me _____.

(A) who is being lived next door

(B) who does live in the next door

(C) who lives next door

(D) who next door was living

**39.** There has not been a great response to the sale. _____?

(A) Does there

(B) Hasn't there

(C) Hasn't it

(D) Has there

**40.** The committee has met and _____.

(A) they have reached a decision

(B) it has formulated themselves some opinions

(C) its decision was reached at

(D) it has reached a decision

***Directions* :** (Q. Nos. **41** to **45**) Fill in the blanks with appropriate alternatives given below :

**41.** Teacher should not give corporal punishment to learners because _____.

(A) it makes parents very angry

(B) it is risky

(C) it creates stress and fear in learners

(D) it is only an emotional release for the teachers

**42.** Remedial teaching as part of formative assessment means _____.

(A) extracoaching by parents

(B) teaching for gifted students

(C) diagnosing and addressing gaps in learning

(D) teaching beyond the textbook

**43.** Listening, speaking, reading and writing are _____.

(A) motor skills

(B) verbal skills

(C) formal skills

(D) language skills

**44.** The teacher gives the meaning of the difficult words in the pupil's mother tongue. The principle involved in it is _____.

(A) direct method

(B) indirect method

(C) bilingual method

(D) grammar-translation method

**45.** Communicative language teaching is concerned with _____.

(A) improving receptive and productive skills

(B) improving vocabulary

(C) enhancing the writing skills

(D) encouraging group discussion

**46.** What is the synonym of 'stubborn'?

(A) Easy

(B) Obstinate

(C) Willing

(D) Smart

***Directions :*** (Q. Nos. **47** to **50**) Fill in the blanks taking the appropriate alternatives from among the given options in each of the following :

**47.** Have you heard the _____ news?

(A) late

(B) later

(C) latest

(D) latter

**48.** It is a matter of gratification for me that he has turned a new leaf. 'Turned a new leaf' means _____.

(A) begun a different mode of life

(B) started using his intelligence

(C) proved to be a worthy person on his job

(D) accepted the new job that was offered to him

**49.** One of the professor's greatest attributes is _____.

(A) when he gives lectures

(B) how in the manner that he lectures

(C) the way to give lectures

(D) his ability to lecture

**50.** Neither Jane nor her brothers _____ a consent form for tomorrow's field trip.

(A) need

(B) needs

(C) is needing

(D) has need

***Directions*** **:** Read the poem given below and answer the questions (Q. Nos. **51** to **54**) that follow by selecting the *correct option.*

*If you can dream—and not make dreams*
*your master;*
*If you can think—and not make thoughts*
*your aim;*
*If you can meet with Triumph and Disaster*
*And treat those two impostors just the same;*

*If you can bear the hear the truth*
*you've spoken*
*Twisted by knaves to make a trap for fools,*
*Or watch the things you gave your life*
*to, broken,*
*And stoop and build 'em up with*
*worn-out tools:*

**51.** The rhyming scheme of the poem is

(A) abab cdcd

(B) abba cd dc

(C) abab ab ab

(D) None of the above

**52.** The word 'impostor' means

(A) one who is intelligent

(B) one who cheers up our hearts

(C) one who deceives

(D) one who is greedy

**53.** The poet tells us how we should act in

(A) a difficult situation

(B) a pleasant situation

(C) an embarassing situation

(D) None of the above

**54.** The truth that we have spoken will be distorted by

(A) our friends

(B) politicians

(C) dishonest people

(D) the kings

***Directions :*** (Q. Nos. **55** to **60**) Fill in the blanks taking the appropriate alternatives from among the given options in each of the following :

**55.** Grammar should be taught by _____.

(A) asking students to learn rules

(B) making learners do written assignments

(C) giving clear explanations

(D) enabling practice in context

**56.** The method of teaching English adopted at present in school curriculum is _____.

(A) formative correlational approach

(B) functional communicative approach

(C) function corrective approach

(D) figurative comprehensive approach

**57.** Samir did not do well in the class because _____.

(A) he studied bad

(B) he was not good studywise

(C) he was a badly student

(D) he failed to study properly

**58.** Those students do not like to read novels, _____ textbooks.

(A) in any case

(B) forgetting about

(C) leaving out of the question

(D) much less

**59.** His comment _____ the speech was very apt.

(A) in

(B) on

(C) of

(D) by

**60.** The antonym of 'frugal' is _____.

(A) gaudy

(B) generous

(C) extravagant

(D) charitable

## ভাগ—III : ভাষা—II

### বাংলা

*নির্দেশিকা* : নিম্নলিখিত পদ্যাংশটুকু ভালো করে পড়ে **61** নং থেকে **64** নং প্রশ্নের উত্তর করতে হবে।

''চৌদিকে উঠিতেছিল মধুর রাগিণী
জলে স্থলে নভস্থলে। সুন্দর কাহিনী
কে যেন রচিতেছিল ছায়ারৌদ্রকরে,
অরণ্যের সুপ্তি আর পাতার মর্মরে,
বসন্তদিনের কত স্পন্দনে কম্পনে
নিশ্বাসে উচ্ছ্বাসে ভাষে আভাসে গুঞ্জনে
চমকে ঝলকে।''

**61.** এই অংশে 'নভস্থলে' শব্দটির বিপরীত অর্থ হল

(A) আকাশে

(B) বাতাসে

(C) পাতালে

(D) চারদিকে

**62.** এই অংশে 'মধুর' পদটি হল

(A) বিশেষ্যপদ

(B) বিশেষণ পদ

(C) সর্বনাম পদ

(D) ক্রিয়াপদ

**63.** এই অংশে 'উচ্ছ্বাস' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে

(A) উৎ + ছাস

(B) উৎ + চ্ছ্বাস

(C) উৎ + শ্বাস

(D) উছ্ + ছ্বাস

**64.** এই অংশে পাশাপাশি দুটি বিপরীত অর্থের শব্দ রয়েছে, শব্দ দুটি হল

(A) জলে স্থলে

(B) স্পন্দনে কম্পনে

(C) আভাসে গুঞ্জনে

(D) নিশ্বাসে উচ্ছ্বাসে

*নির্দেশিকা* : নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে **65** নং থেকে **90** নং প্রশ্নের উত্তর করতে হবে।

**65.** 'ছন্দের জাদুকর' বলা হয়

(A) রবীন্দ্রনাথ ঠাকুরকে

(B) কাজী নজরুল ইসলামকে

(C) সত্যেন্দ্রনাথ দত্তকে

(D) সুকুমার রায়কে

**66.** 'আবোল তাবোল' কবিতাটি লিখেছেন

(A) রজনীকান্ত সেন

(B) সুভাষ মুখোপাধ্যায়

(C) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

(D) সুকুমার রায়

**67.** 'স্নেহলতা' উপন্যাসটি লিখেছেন

(A) রমেশচন্দ্র দত্ত

(B) মানকুমারী বসু

(C) অবনীন্দ্রনাথ ঠাকুর

(D) স্বর্ণকুমারী দেবী

**68.** ''এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি—
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।''
এই দুটি পংক্তি রয়েছে কবি সুকান্ত ভট্টাচার্যের

(A) 'বোধন' কবিতায়

(B) 'ছাড়পত্র' কবিতায়

(C) 'দেশলাই কাঠি' কবিতায়

(D) 'প্রিয়তমাসু' কবিতায়

**69.** পশ্চিমবাংলার কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেছিলেন

(A) দ্বিজেন্দ্রলাল রায়

(B) মাইকেল মুধুসূদন দত্ত

(C) কাজী নজরুল ইসলাম

(D) সুকুমার রায়

**70.** রবীন্দ্রনাথের আদর্শে নিজের কাব্য-তরণীকে নিয়ন্ত্রিত করে কোন্ কবি রবীন্দ্রানুসারী হয়েছিলেন ?

(A) সুকান্ত ভট্টাচার্য

(B) সুভাষ মুখোপাধ্যায়

(C) যতীন্দ্রমোহন বাগচী

(D) দ্বিজেন্দ্রলাল রায়

**71.** নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের যে নাটকে সরাসরি রবীন্দ্র-বিরোধিতা রয়েছে, সেটি হল

(A) 'প্রায়শ্চিত্ত'

(B) 'আনন্দ-বিদায়'

(C) 'একঘরে'

(D) 'পরপারে'

**72.** পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি অনুসারে নিম্নলিখিত শব্দগুলির মধ্যে শুদ্ধ বানানটি হল

(A) আশীষ

(B) আশিষ

(C) আশিস্

(D) আশীস্

**73.** নিচের যে শব্দটি সঠিকভাবে লেখা আছে, সেটি হল

(A) অনুমত্যানুসারে

(B) অনুমত্যনুসারে

(C) অনুমত্ত্যানুসারে

(D) অনুমত্ত্যনুসারে

**74.** 'কোষ' শব্দের বিকল্প বানান হিসেবে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমিতে গৃহীত হয়েছে

(A) কোশ

(B) কোস

(C) কোশ্

(D) কোস্

**75.** বাংলা মান্য চলিতভাষা গড়ে উঠেছে যে উপভাষার রূপের উপর ভিত্তি করে, সেটি হল

(A) বঙ্গালী উপভাষা

(B) কামরূপী উপভাষা

(C) বরেন্দ্রী উপভাষা

(D) রাঢ়ী উপভাষা

**76.** 'সাধুভাষা' কথাটি প্রথম ব্যবহার করেন

(A) উইলিয়াম কেরি

(B) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(C) রাজা রামমোহন রায়

(D) প্যারীচাঁদ মিত্র

**77.** বাংলা সাহিত্যে চলিত গদ্যের সপক্ষে ব্যাপক সাহিত্যিক আন্দোলন শুরু করেন

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) প্রমথ চৌধুরী

(C) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(D) ইন্দিরা দেবীচৌধুরাণী

**78.** 'শ্', 'ষ্' এবং 'স্'—এই তিনটি ধ্বনিকে বলা হয়

(A) তাড়নজাত ধ্বনি

(B) তরল স্বরধ্বনি

(C) শিস্ ধ্বনি

(D) পার্শ্বিক ধ্বনি

**79.** উচ্চারণস্থান অনুযায়ী 'গ্' ও 'দ্' ধ্বনিকে বলা হয়

(A) অল্পপ্রাণ বর্ণ

(B) মহাপ্রাণ বর্ণ

(C) উষ্মবর্ণ

(D) অঘোষবর্ণ

**80.** 'ক্' থেকে 'ম্' পর্যন্ত পঁচিশটি ব্যঞ্জনধ্বনিকে সাধারণত বলা হয়

(A) উষ্মধ্বনি

(B) অন্তঃস্থধ্বনি

(C) স্পর্শধ্বনি

(D) পার্শ্বিক ধ্বনি

**81.** 'ধ্বনি' হল কোনো ভাষার

(A) ক্ষুদ্রতম উপাদান

(B) বৃহত্তম উপাদান

(C) বৃহৎ উপাদান

(D) উপরের কোনটিই নয়

**82.** বাক্ + ইন্দ্রিয়—সন্ধিগত নিয়মে হবে

(A) বাগীন্দ্রিয়

(B) বাকীন্দ্রিয়

(C) বাগিন্দ্রিয়

(D) বাগীন্দ্রীয়

**83.** 'বীতশ্রদ্ধ' শব্দের বিপরীত কথাটি হল

(A) শ্রদ্ধা হারিয়েছে এমন

(B) শ্রদ্ধার বিপরীতে এমন

(C) শ্রদ্ধার প্রতিকূলে এমন

(D) শ্রদ্ধার সাথে এমন

**84.** যে সমস্ত পদ মিলে সমাস গঠিত হয় তাদের প্রত্যেকটি পদকে বলা হয়

(A) সমস্তপদ

(B) পূর্বপদ

(C) উত্তরপদ

(D) সমস্যমান পদ

**85.** চন্দ্র শেখরে যার চন্দ্রশেখর—এটি একটি

(A) বহুব্রীহি সমাসের উদাহরণ

(B) দ্বন্দ্ব সমাসের উদাহরণ

(C) তৎপুরুষ সমাসের উদাহরণ

(D) নিত্য সমাসের উদাহরণ

**86.** 'শিরে সংক্রান্তি' এই বাগ্‌ধারাটির অর্থ

(A) সংক্রান্তির আগমন

(B) বিপদ মুক্ত

(C) আসন্ন বিপদ

(D) মাথায় বোঝা

**87.** ছেলেটি <u>ইংরেজিতে</u> কাঁচা।

নিচে দাগ দেওয়া শব্দটি কোন্ কারক?

(A) অধিকরণ কারক

(B) অপাদান কারক

(C) কর্তৃকারক

(D) নিমিত্তকারক

**88.** শিক্ষার্থীর ভাষা-কৌশলের বিকাশসাধন সম্ভব হবে, যদি সে

(A) ভালোভাবে ভাষা শোনে এবং বলার চেষ্টা করে

(B) ভালোভাবে লেখা ও পড়ায় মনোযোগী হয়

(C) শোনা, বলা, লেখা ও পড়ায় অমনোযোগী না হয়

(D) ভালোভাবে শোনা ও পড়ার চেষ্টা করে

**89.** শিক্ষক ও শিক্ষার্থীর মধুর সম্পর্ক গড়ে ওঠার পেছনে প্রধান কারণটি হল

(A) শিক্ষক শিক্ষার্থীকে ভালোভাবে পড়াবেন

(B) শিক্ষক শিক্ষার্থীকে পরীক্ষামূলকভাবে দেখাবেন এবং বোঝাবেন

(C) শিক্ষক শিক্ষার্থীকে উৎসাহিত করবেন

(D) উপরের সবগুলি

**90.** মাতৃভাষার মাধ্যমে শিক্ষণের লক্ষ্য হল

(A) অন্য ভাষার তুলনায় মাতৃভাষাকে শ্রেষ্ঠ বলে বুঝিয়ে দেওয়া

(B) অন্য ভাষার প্রতি অশ্রদ্ধার ভাব জাগিয়ে তোলা

(C) মাতৃভাষার বিকাশ ও সমৃদ্ধির পথ সুগম করা

(D) উপরের কোনটিই নয়

# PART—IV / ভাগ—IV

## MATHEMATICS / গণিত

***Directions*** : Answer the following questions by selecting the *correct option*.

**91.** Two straight lines intersect at a point. If the sum of the measures of any three angles of the four angles produced is 290°, then the measures of the four angles are

(A) 120°, 60°, 120°, 60°

(B) 110°, 70°, 110°, 70°

(C) 100°, 80°, 100°, 80°

(D) None of the above

**92.** In *ABC*, *A* *B* 135° and *C* 2 *B* 180°. Then which one of the following relations is true?

(A) *CA* *AB*

(B) *CA* *AB*

(C) *CA* *AB*

(D) None of the above

**93.** In the following figure, $AB \parallel CD$, *OAB* 120° and *OCD* 140°. Then the value of $x$ is




(A) 60°

(B) 70°

(C) 100°

(D) None of the above

***নির্দেশিকা :*** *সঠিক উত্তর* নির্বাচন করে নীচের প্রশ্নগুলোর উত্তর দাও।

**91.** দুটি সরলরেখা পরস্পরকে ছেদ করায় উৎপন্ন চারটি কোণের যে কোনো তিনটি কোণের সমষ্টি 290° হলে, কোণ চারটির পরিমাপ হবে

(A) 120°, 60°, 120°, 60°

(B) 110°, 70°, 110°, 70°

